

বিক্রম

iCore

কলকাতা ২৭ মার্চ ২০১০ ১২ চৈত্র ১৪১৬ শনিবার তৃতীয় বর্ষ ২৮৪ সংখ্যা ১২ + ৪ পাতা মূল্য ২.৫০ টাকা

নগরদর্পণ

প্রতীকি ধর্মঘট

নিজস্ব প্রতিবেদন: একদিনের প্রতীকি ধর্মঘটের ডাক দিল ইস্টার্ন ইন্ডিয়া করোপোর্টেড ব্লক ম্যানুফ্যাকচারিং অ্যাসোসিয়েশন। শুক্রবার কলকাতার এক সাংবাদিক বৈঠকে ইআইসিএমের পক্ষ থেকে ঘোষণা করা হয়, সম্প্রতি কাগজের দাম অস্বাভাবিক ভাবে বেড়ে যাওয়াতেই এই পদক্ষেপ। শুধুমাত্র কাগজের দামই বেড়েছে তা নয়, একই সঙ্গে তাল মিলিয়ে বেড়েছে জ্বালানি তেল, বিদ্যুৎ সহ বিভিন্ন কাঁচামালের দামও। সেই তুলনায় প্যাকিং বাস্তবের দাম বাড়তে পারছে না এই সংস্থাটি। বরং ব্যাপক ক্ষতির সামনে পড়তে হচ্ছে এই ব্যবসায়ীদের। ৬ তারিখে এই ব্যাপারে সরকারের কাছে একটি আবেদনও করে প্যাকিং বাস্তব নির্মাণকারী এই সংস্থাটি। এর পরেও কাগজের মূল্য আরও ২০ শতাংশ বৃদ্ধি পেয়েছে বলে জানায় ইআইসিএমএ। ৩০ তারিখের পরে কোনও সমাধান সূত্র না পাওয়া গেলে, অনির্দিষ্ট কালের জন্য ব্যবসা বন্ধ রাখার কথাও ভাবছেন তারা।